



# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, চাঁদপুর।

Email : [crmchandpur@krishibank.org.bd](mailto:crmchandpur@krishibank.org.bd)

Phone: 0841-63587



## বিষয় : জুলাই, ২০২১ হতে সেপ্টেম্বর, ২০২১ সময়কালের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ ফাতেহু খান, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক।
তারিখ ও সময়	:	১৫-০৯-২০২১ খ্রি: বিকাল ৪.০০ ঘটিকা।
স্থান	:	মুখ্য আঞ্চলিক কার্যালয়, চাঁদপুর।
উপস্থিতি	:	প্রতিবেদন প্রস্তুতকারী, ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নৈতিকতা কমিটির সদস্যসহ সভাপতি মহোদয়।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে ২০২১-২০২২ অর্থ বছরের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী গৃহীত সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলকে স্ব-স্ব ক্ষেত্র থেকে প্রকৃত অর্থেই শুদ্ধাচার চর্চা করার আহবান জানান।

০২। সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জুলাই, ২০২১ হতে সেপ্টেম্বর, ২০২১ সময়কালের ১ম প্রান্তিকের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনার উদ্দেশ্যে উপস্থাপন করেন।

০৩। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হয় :


- ৩.১) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ শাখা ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের একান্ত সহযোগিতার মাধ্যমে শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
- ৩.২) শাখা পরিদর্শনে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনাসমূহ অন্তর্ভুক্ত করতে হবে।
- ৩.৩) বাংলাদেশ কৃষি ব্যাংক এর হিসাব ম্যানুয়াল, ঋণ ম্যানুয়াল, পরিপত্র সমূহের যথাযথভাবে প্রয়োগ এবং বাস্তবায়ন করতে হবে। বিকেবি চাকুরী প্রবিধানমালা অনুসরণ করতে হবে।
- ৩.৪) গ্রাহক সেবা প্রদানের ক্ষেত্রে আন্তরিকতা, স্বচ্ছতা ও দ্রুততা নিশ্চিত করার মাধ্যমে গ্রাহক সন্তুষ্টি অর্জন করতে হবে।
- ৩.৫) সততা ও নৈতিকতার সাথে কর্ম সম্পাদন, দুর্নীতি ও মানিলভারিং প্রতিরোধ করতে সজাগ দৃষ্টি রাখা এবং ব্যাংকের ভাবমূর্তি সমুল্লত রাখা।
- ৩.৬) প্রনোদনা প্যাকেজের আওতায় ঋণসমূহ যথাযথ নিয়ম অনুসরণপূর্বক প্রদান করে দৈনিক ভিত্তিতে পোর্টালে আপলোড করতে হবে, নির্ধারিত সময়ের মধ্যে রিপোর্টিং করতে হবে, ঋণের সদ্যবহার হচ্ছে কিনা নিয়মিত মনিটরিং করতে হবে।
- ৩.৭) প্রান্তিক জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবার আওতায় নিয়ে এসে আমানত সংগ্রহ ও নতুন গ্রাহক সৃষ্টি করতে হবে।
- ৩.৭) শাখা/কার্যালয়ে বরাদ্দকৃত বাজেটের সদ্যবহার নিশ্চিত করতে হবে;
- ৩.৮) অত্র কার্যালয়সহ সকল শাখায় সার্কুলার ফাইলসমূহ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- ৩.৯) গ্রাহক সেবা বিষয়ক শাখা/কার্যালয়ে গনশুনানি/ গ্রাহক সমাবেশের আয়োজন করতে হবে;
- ৩.১০) শাখা/ কার্যালয়ের অভিযোগ বক্স নিয়মিত পরীক্ষা করে গ্রাহকের কোন অভিযোগ পাওয়া গেলে অত্র কার্যালয় কর্তৃক দ্রুততম সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চলমান পাতা-২

(পাতা-২)

- ৩.১১) শাখা/কার্যালয়ের কর্ম-পরিবেশ উন্নয়ন ও স্বাস্থ্যবিধিমালা অনুসরণ এবং ব্যক্তিক পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি করতে হবে।
- ৩.১২) ব্যাংকের স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতিসমূহ বা সিটিজেন চার্টার শাখা/কার্যালয়ের দৃশ্যমান স্থানে প্রকাশ করতে হবে এবং বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
- ৩.১৩) সকলকে ব্যাংক শুরুর নির্ধারিত সময়ের পূর্বেই কার্যালয়/শাখায় আগমন করে হাজিরা খাতায় স্বাক্ষর করতে হবে। নির্দিষ্ট সময় এর পূর্বে কেউ অফিস ত্যাগ করতে পারবে না। প্রয়োজন হলে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে অফিস ত্যাগ করবে।
- ৩.১৪) উপরোক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ২য় ত্রৈমাসিক/ প্রান্তিকের (অক্টোবর, ২০২১ - ডিসেম্বর, ২০২১) নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


  
১৩/০৭/২০২১  
(মোঃ ফাতেহু খান)  
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক  
ও  
সভার সভাপতি

নং-মু:আ:কা:(চাঁদ)প্রশা-১২১/জাতীয় শুদ্ধাচার-০১/২০২১-২০২২/ ১৬২৭

তারিখঃ ১৩/০৭/২০২১খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চাঁদপুর।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, চাঁদপুর মুখ্য অঞ্চল, চাঁদপুর।

  
১৩/০৭/২০২১  
(মোঃ ফজলুল হক ডুইয়া)  
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা